**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে অনুসন্ধান কমিটির সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নরেন দাস, সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ। |
| তারিখ ও সময় | : | ০৫ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ রোজঃ বৃহস্পতি, বেলাঃ ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব মহোদয়ের কক্ষ। |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

**১.০ প্রারম্ভিক বক্তব্য:**

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি প্রেক্ষাপট বর্ণনা করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে অনুসন্ধান কমিটিকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তিনি সভার আলোচ্যসূচীর বিষয়বস্তু উপস্থাপনের জন্য যুগ্মসচিব (প্রশাসন) ড. মোঃ জাকেরুল আবেদীনকে অনুরোধ করেন।

**আলোচনাঃ**

০১। ড. মোঃ জাকেরুল আবেদীন, যুগ্মসচিব (প্রশাসন), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত কেন্দ্রীয় কর্মসূচীর পাশাপাশি প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ স্ব-উদ্যোগে নানা কর্মসূচী গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় জাতীয় বাস্তবায়ন কমিটির গত ২৮-০৪-২০১৯ খ্রিঃ তারিখের পত্র অনুযায়ী আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক, এমপি এর সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের কর্মপরিকল্পনা চূড়ান্ত করার জন্য গত ২০-০৫-২০১৯ খ্রিষ্টাব্দ তারিখে মন্ত্রণালয়ের সভাকক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অন্যান্যসহ অনুসন্ধান কমিটি নামে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। আইন ও বিচার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে বিগত ০৪-০২-২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে অনুসন্ধান কমিটি গঠিত হয়, যথা:-

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব নরেন দাস<br>সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | আহ্বায়ক |
| ২. | জনাব মোঃ মইনুল কবির<br>অতিরিক্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৩. | জনাব বিকাশ কুমার সাহা<br>যুগ্মসচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ | সদস্য |
| ৪. | বেগম উম্মে কুলসুম<br>যুগ্মসচিব (মতামত), আইন ও বিচার বিভাগ | সদস্য |

| | | |
|---|---|---|
| ৫. | জনাব মোঃ শাহিনুর ইসলাম<br>যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৬. | ড. মোঃ জাকেরুল আবেদীন<br>যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ৭. | জনাব ফজলে এলাহী ভুঁইয়া<br>উপসচিব (মতামত-২), আইন ও বিচার বিভাগ | সদস্য |

তিনি বলেন, উক্ত সিদ্ধান্তের ধারাবাহিকতার আহ্বায়কের নির্দেশনা অনুযায়ী অদ্যকার সভা আহ্বান করা হয়। তিনি আরও বলেন, এ কমিটির কার্যপরিধি হিসেবে ১৯৪৮ সালের ভাষা আন্দোলন থেকে ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধকালীন সময় পর্যন্ত আইন ও বিচার সংক্রান্ত বঙ্গবন্ধুর প্রধান প্রধান নীতি নির্ধারণী কার্যাবলী অনুসন্ধানের জন্য অনুসন্ধান কমিটি গঠন করা হয়েছে।

২। জনাব বিকাশ কুমার সাহা, যুগ্মসচিব, আইন ও বিচার বিভাগ সভাকে জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে অনুসন্ধান কমিটির কার্যপরিধি মূলত পুস্তিকা প্রণয়ন কমিটি (১৯৭২ সালের ১০ জানুয়ারি থেকে ১৯৭৫ সালের ১৫ আগস্ট পর্যন্ত বঙ্গবন্ধুর আমলে প্রণীত আইন, ঘটনাপ্রবাহ, সামাজিক ও রাজনৈতিক কর্মকান্ড বিষয়ক) এর সাথে একীভূত করলে কমিটির কার্যক্রম অধিকতর গতিশীল ও কার্যকর হবে। কেননা পুস্তিকা প্রণয়ন কমিটির কার্যক্রম মূলত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামল অর্থাৎ ১৯৭২ সালের ১০ জানুয়ারি থেকে ১৯৭৫ সালের ১৫ আগস্ট পর্যন্ত বঙ্গবন্ধুর আমলে প্রণীত আইন, ঘটনাপ্রবাহ, সামাজিক ও রাজনৈতিক কর্মকান্ড বিষয় সংক্রান্ত। অপরদিকে অনুসন্ধান কমিটির কার্যক্রম মূলত একই প্রকৃতির হওয়ায় প্রস্তিকা প্রণয়ন কমিটি উক্ত অনুসন্ধান করতে পারে।

৩। জনাব মো: শাহিনুর ইসলাম, যুগ্মসচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ সভায় জানান যে, অনুসন্ধান কমিটির কার্যপরিধি মূলত পুস্তিকা প্রণয়ন কমিটির অনুরূপ হওয়ায় তিনি জনাব বিকাশ কুমার সাহার মতামতের সাথে একমত পোষণ করে পুস্তিকা প্রণয়ন কমিটি ও অনুসন্ধান কমিটিকে একীভূত করে একটি নতুন কমিটি গঠন করার পক্ষে মতামত ব্যক্ত করেন। তিনি আরও জানান যে, নতুন গঠিত একীভূত কমিটি মাননীয় মন্ত্রীর সাথে আলোচনা করে কমিটির কার্যপরিধি নির্ধারণ করতে পারে।

৪। জনাব মো: মইনুল কবির, অতিরিক্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ সভায় জানান যে, কমিটিকে, অন্যান্য বিষয়সহ মূলত ৩টি প্রেক্ষাপটের বিষয়ে অনুসন্ধান কাজ করতে হবে, যথা, ১৯৪৮ সালের ভাষা আন্দোলন, ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান এবং ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধ। তিনিও অনুসন্ধান কমিটির কার্যপরিধি মূলত পুস্তিকা প্রণয়ন কমিটির অনুরূপ হওয়ায় পুস্তিকা প্রণয়ন কমিটি ও অনুসন্ধান কমিটিকে একীভূত করে কমিটি পুনর্গঠনের প্রস্তাব করেন।

৫। বেগম উম্মে কুলসুম, যুগ্মসচিব, আইন ও বিচার বিভাগ সভায় জানান যে, অনুসন্ধান কমিটির কার্যপরিধি মূলত পুস্তিকা প্রণয়ন কমিটির অনুরূপ হওয়ায় তিনি জনাব বিকাশ কুমার সাহার মতামতের সাথে একমত পোষণ করে পুস্তিকা প্রণয়ন কমিটি ও অনুসন্ধান কমিটিকে একীভূত করার পক্ষে মতামত ব্যক্ত করেন।

৬। সভার সভাপতি লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব জনাব নরেন দাস উপস্থিত সকলের বক্তব্যের সাথে একমত পোষণ করে অনুসন্ধান কমিটি এবং পুস্তিকা প্রণয়ন কমিটি একীভুত করে কমিটি পুনর্গঠন করা সমীচীন মর্মে মতামত ব্যক্ত করেন।

**সিদ্ধান্তঃ-**

সভায় বিস্তারিত আলোচনাক্রমে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সচিব জনাব নরেন দাস, আইন ও বিচার বিভাগের সচিব জনাব মোঃ গোলাম সারওয়ার এবং যুগ্মসচিব জনাব বিকাশ কুমার সাহা পুস্তিকা প্রণয়ন কমিটি ও অনুসন্ধান কমিটিকে একীভূত করে কমিটি পুনর্গঠন করার বিষয়ে মাননীয় মন্ত্রীকে অবহিত করা এবং কমিটি পুনর্গঠন সংক্রান্ত নির্দেশনা ও কার্যপরিধি নির্ধারণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নরেন দাস) ২০/৩/২০
সভাপতি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর
জন্মশতবার্ষিকী উদযাপনের লক্ষ্যে গৃহীত কর্মসূচী
বাস্তবায়নের লক্ষ্যে গঠিত অনুসন্ধান কমিটি।

## পরিশিষ্ট- 'ক'

### উপস্থিত সদস্যদের তালিকা

| ক্রমিক নম্বর | নাম |
|---|---|
| ১. | জনাব নরেন দাস |
| ২. | জনাব মোঃ মইনুল কবির |
| ৩. | জনাব বিকাশ কুমার সাহা |
| ৪. | জনাব বেগম উম্মে কুলসুম |
| ৫. | জনাব মোঃ শাহিনুর ইসলাম |
| ৬. | ড. মোঃ জাকেরুল আবেদীন |